# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin
**Date 31-05-2025** **Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) রাজ্য সরকার তাদের দাবিগুলিকে মান্যতা না দিলে আরও বড়সড় আন্দোলন কর্মসূচীর ঘোষণা করা হবে বলে সুপ্রিম কোর্টের রায়ে চাকরীহারা যোগ্য শিক্ষকরা জানিয়েছেন।

আন্দোলনকারীদের মহা মিছিলকে কেন্দ্র করে শিয়ালদা, ধর্মতলা এবং সল্টলেকে উত্তেজনার মধ্যে ১১০ জনকে আটক করেছে পুলিশ।

২) চাকরীহারা শিক্ষকদের আন্দোলনে পুলিশি বলপ্রয়োগের তীব্র নিন্দা করেছে বিজেপি সহ একাধিক বিরোধী দল ও শিক্ষক সংগঠন।

৩) সুপ্রিম কোর্টের নির্দেশ মত নবম থেকে দ্বাদশ শ্রেণীর শিক্ষক নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে স্কুল সার্ভিস কমিশন।

৪) নদীয়ার কালিগঞ্জ বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে কংগ্রেস প্রার্থী হচ্ছেন কবিল উদ্দীন শেখ।

৫) উত্তরবঙ্গ তথা আলিপুরদুয়ারের উন্নয়নে রাজ্য সরকার নানা কর্মসূচী ও প্রকল্প গ্রহণ করেছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী জানিয়েছেন।

৬) রাজ্যের উত্তরের জেলাগুলিতে ভারি বৃষ্টির পূর্বাভাস আবহাওয়া দপ্তরের। বিক্ষিপ্ত বৃষ্টি হবে দক্ষিণবঙ্গে।

বন্যা রোধে জলাধার ও বাঁধগুলিতে মেরামতির কাজ শুরু করেছে রাজ্য সরকার।

---

রাজ্য সরকার তাদের দাবিগুলিকে মান্যতা না দিলে আরও বড়সড় আন্দোলন কর্মসূচীর ঘোষণা করা হবে বলে সুপ্রিম কোর্টের রায়ে চাকরীহারা যোগ্য শিক্ষকরা জানিয়েছেন। গতকাল কলকাতায় আন্দোলনকারীদের মহা মিছিল কর্মসূচীতে পুলিশের বাধাদান এবং শিয়ালদা, ধর্মতলা ও সল্টলেকে দফায় দফায় উত্তেজনার পর এক সাংবাদিক বৈঠকে শিক্ষক প্রতিনিধিরা একথা জানিয়েছেন। সমস্তরকম প্রোটোকল মেনে পুলিশকে জানানো হলেও বলপ্রয়োগ করা হয় বলে শিক্ষক প্রতিনিধি মেহবুব মন্ডল বলেন। পুলিশ যেভাবে খুঁজে খুঁজে আন্দোলনকারীদের বের করে এনে গ্রেপ্তার করেছে, তা স্বৈরাচারী মনোভাবের পরিচায়ক বলেও তিনি উল্লেখ করেন।

বাইট

উল্লেখ্য, মিছিলের জন্য শিয়ালদা স্টেশনে জমায়েত হতেই শুরু হয় পুলিশি ধরপাকড়। পরে ধর্মতলা চত্বরেও একইরকমভাবে আন্দোলনকারীদের টেনে হিঁচরে প্রিজন ভ্যানে তোলেন পুলিশ কর্মীরা। সল্টলেকে দুপুরের পর আন্দোলনরত শিক্ষকরা মিছিল বের করলে বাধা দেয় বিশাল পুলিশ বাহিনী। একাধিক শিক্ষকের শরীরে পুলিশের লাঠির আঘাত দেখা দেয়।

এর প্রতিবাদে আগামীকাল রাজ্য জুড়ে ধিক্কার দিবস পালন করবেন চাকরী হারানো শিক্ষকরা। গতকালের ঘটনায় ধর্মতলা ও শিয়ালদা মিলিয়ে মোট ১১০ জনকে

আটক করা হয়েছে বলে পুলিশে সূত্রে জানানো হয়েছে। আটক করা হয় যোগ্য শিক্ষক শিক্ষিকা অধিকার মঞ্চের অন্যতম মুখ চিন্ময় মন্ডলকেও।

--------------------

শিয়ালদা স্টেশনে শিক্ষকদের ওপর পুলিশের বলপ্রয়োগের প্রতিবাদে বিজেপি গতকাল সেখানে বিক্ষোভ দেখিয়েছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এবং কয়েকজন বিধায়ক সেখানে উপস্থিত ছিলেন। স্কুল সার্ভিসের মাধ্যমে নিয়োগের বিজ্ঞপ্তি সম্পূর্ন অবৈধ বলে সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন শুভেন্দু অধিকারী।

বাইট

চাকরিহারা শিক্ষকদের শান্তিপূর্ণ প্রতিবাদে পুলিশী পদক্ষেপের তীব্র নিন্দা করেছে কংগ্রেস। বিষয়টি নিয়ে সর্বদলীয় বৈঠক ডাকার দাবি করেছেন প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার। বিধানসভাতেও আলোচনার দাবি জানিয়েছেন তিনি।

যোগ্য শিক্ষক-শিক্ষিকাদের প্রতিবাদ মিছিল রোধে পুলিশি তৎপরতার নিন্দা করেছে মাধ্যমিক শিক্ষক ও শিক্ষাকর্মী সমিতি STEA । সংগঠনের সাধারণ সম্পাদক নীলকান্ত ঘোষ বলেছেন, সততা এবং যোগ্যতা বর্তমান প্রশাসনের চক্ষুশূল। তিনি অবিলম্বে গ্রেফতার হওয়া শিক্ষক-শিক্ষাকর্মীদের মুক্তির দাবি জানান।

শিক্ষকদের ওপর পুলিশী বল প্রয়োগের অভিযোগ তুলে তীব্র নিন্দা করেছে, বঙ্গীয় প্রাথমিক শিক্ষক সমিতি। সংগঠনের সাধারণ সম্পাদক আনন্দ হান্ডা, বলেন, যোগ্য শিক্ষকদের প্রতি সরকার সহানুভূতিশীল নয়।

শিক্ষানুরাগী ঐক্যমঞ্চের সাধারণ সম্পাদক কিংকর অধিকারী বলেছেন, স্কুল সার্ভিস কমিশনের নতুন নিয়োগ পদ্ধতিতে দুর্নীতির সুযোগ রাখা হয়েছে।

শিক্ষকদের ঘোষিত কর্মসূচিতে পুলিশি হস্তক্ষেপের তীব্র নিন্দা করেছে SUCI কমিউনিস্ট। রাজ্য সম্পাদক চন্ডীদাস ভট্টাচার্য এক বিবৃতিতে বলেন, সরকার আন্দোলনের কণ্ঠ রোধ করে তাঁদের চাকুরি রক্ষার দাবিকেও অস্বীকার করছে।

--------------------

সুপ্রিম কোর্টের নির্দেশ মেনে নবম দশম ও একাদশ দ্বাদশ শ্রেণীর সহকারী শিক্ষক নিয়োগের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করেছে স্কুল সার্ভিস কমিশন। ৩১ মে-র মধ্যে নিয়োগের বিজ্ঞপ্তি জারি করার আদেশ দিয়েছিল শীর্ষ আদালত। বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, ১৬ জুন বিকেল পাঁচটা থেকে অনলাইনে আবেদন জানানো যাবে। আবেদন জানানোর শেষ তারিখ ১৪ জুলাই বিকেল পাঁচটা পর্যন্ত। সেপ্টেম্বর মাসের প্রথম সপ্তাহে লিখিত পরীক্ষা হবে। ফল প্রকাশিত হবে অক্টোবর মাসের চতুর্থ সপ্তাহে। ইন্টারভিউয়ের সম্ভাব্য সময় নভেম্বর মাসের প্রথম থেকে তৃতীয় সপ্তাহ পর্যন্ত। প্যানেল প্রকাশিত হবে ২৪ শে নভেম্বর। কাউন্সেলিং শুরু হবে ২৯ শে নভেম্বর থেকে।

স্কুল সার্ভিস কমিশন বিজ্ঞপ্তিতে জানিয়েছে, নবম-দশমে ২৩ হাজার ২১২ এবং একাদশ-দ্বাদশে ১২ হাজার ৫১৪ শূন্যপদে শিক্ষক নিয়োগ করা হবে। ৬০ নম্বরের OMR ভিত্তিক লিখিত পরীক্ষা নেওয়া হবে। শিক্ষাগত যোগ্যতার ওপর সর্বোচ্চ ১০ নম্বর থাকবে। শিক্ষকতার অভিজ্ঞতা থাকলে সর্বোচ্চ ১০ নম্বর দেওয়া হবে। ইন্টারভিউয়ের জন্য ১০ নম্বর ও লেকচার ডেমনস্ট্রেশনের জন্য ১০ নম্বর থাকবে। প্রথম কাউন্সেলিংয়ের তারিখ থেকে এক বছর পর্যন্ত প্রতিটি প্যানেল ও ওয়েটিং লিস্ট বৈধ থাকবে। পরীক্ষার উত্তরপত্র বা ওএমআর সিটগুলি প্যানেলের মেয়াদ পার হয়ে যাওয়ার পর দু'বছর পর্যন্ত সংরক্ষণ করা হবে। ওএমআর সিটের স্ক্যান করা প্রতিলিপি প্যানেলের মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর দশ বছর পর্যন্ত সংরক্ষণ করা হবে।

---------------------

রানী অহল্যাবাই হোলকরের ৩০০তম জন্মবার্ষিকী উপলক্ষে বিজেপি সারা দেশে নানা কর্মসুচি পালন করছে। এরই অঙ্গ হিসাবে গতকাল কলকাতায় এক আলোচনা সভার আয়োজন করা হয়। দলের রাজ্য সভাপতি ও কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার বলেন, অহল্যাবাই যেভাবে দেশের প্রতিটি ক্ষেত্রে অবদান রেখেছেন তা নিদর্শন। রানী অহল্যাবাই প্রজাবৎসল প্রশাসক হলেও, রাজ্যের মুখ্যমন্ত্রী প্রজাদের লুট করছেন। শ্রী মজুমদার অভিযোগ করেন, মুখ্যমন্ত্রী ভারতীয় সেনার কৃতিত্বকে ছোট করে দেখানোর চেষ্টা করছেন। অনুষ্ঠানে দলের কেন্দ্রীয় নেতা ভি সতীশ, অহল্যাবাই এর জীবন কাহিনী তুলে ধরেন।

---------------------

নদীয়ার কালীগঞ্জ বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে কংগ্রেস গতকাল প্রার্থী ঘোষণা করেছে। কবিল উদ্দিন শেখ এই আসনে প্রার্থী হচ্ছেন। কালিগঞ্জ আসনে তৃণমূল কংগ্রেস প্রার্থী আলিফা আহমেদ গতকালই মনোনয়নপত্র জমা দিয়েছেন।

এদিকে নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করতে নির্বাচন কমিশন সেখানে ১৪ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের সিদ্ধান্ত নিয়েছে। আইন-শৃঙ্খলার পরিস্থিতি বিবেচনা করে আগামী দিনে এই সংখ্যা আরো বাড়ানো হতে পারে বলে মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রে জানা গিয়েছে। আগামী ১৯ শে জুন এই কেন্দ্রে ভোট নেওয়া হবে, গণনা তেইশে জুন।

---------------------

বোলপুরের আইসিকে ফোন করে অশ্রাব্য ভাষা প্রয়োগ নিয়ে বিতর্কের মাঝে দলের নির্দেশে গতকাল পুলিশের কাছে ক্ষমা চেয়েছেন বীরভূমের তৃনমুল নেতা অনুব্রত মণ্ডল। চিঠি লিখে ক্ষমা চাওয়ার পাশাপাশি বোলপুরের আইসির সঙ্গে তাঁর কথোপকথনের অডিয়ো কী ভাবে ফাঁস হল সেই প্রশ্ন তুলেছেন অনুব্রত।

---------------------

বিজেপি পুলিশ আধিকারিকের পরিবারের মহিলাদের প্রতি অসম্মানজনক মন্তব্যের জন্য অনুব্রত মণ্ডলের কঠোর শাস্তির দাবি করেছে। পাশাপাশি একজন অধস্তন পুলিশ আধিকারিকের প্রতি অন্যায়ের জন্য পুলিশ মন্ত্রীর পদত্যাগও দাবি করা হয়েছে। কলকাতায় গতকাল এক অনুষ্ঠানে যোগ দিয়ে রাজ্য বিজেপি সভাপতি সুকান্ত মজুমদার, অনুব্রতকে জেলে ঢোকানো উচিৎ বলে মন্তব্য করেছেন।

বাইট

তৃণমূল নেতা অনুব্রত মন্ডলের বিরুদ্ধে পুলিশের তরফে কড়া পদক্ষেপের দাবি জানিয়েছেন CPIM রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম।

বাইট

---------------------

প্রসার ভারতীর দৃশ্য শ্রাব্য সম্প্রচার এবং প্রসার মাধ্যম PB SHABD – এ নিবন্ধিকরণের জন্য youtuber, podcaster এবং ভিডিও এডিটরদের আহ্বান জানানো হয়েছে। কপিরাইটহীন মূল কন্টেন্ট যাতে সুরক্ষিতভাবে ব্যবহার করা যায়, তার জন্য একটা সর্বজনীন উৎস হল PB SHABD। Youtuber এবং ভিডিও নির্মাতাদের জন্য বিনামূল্যে দেওয়া কন্টেন্ট ৬০টি এডিট ডেস্কের অধীনে এখানে পাওয়া যাবে। দূরদর্শন

এবং আকাশবানীর মত বিশ্বস্ত সূত্রের তথ্য ভান্ডার সারা দেশের নিউজ পোর্টালগুলি এর মাধ্যমে হাতের নাগালে পেতে পারে।

---------------------

উত্তরবঙ্গ তথা আলিপুরদুয়ারের উন্নয়নে রাজ্য সরকার নানা কর্মসুচি ও প্রকল্প গ্রহণ করেছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী জানিয়েছেন। গতকাল সামাজিক মাধ্যমে এক দীর্ঘ পোস্টে তিনি বলেন, রাজ্য সরকার উত্তরবঙ্গের আলিপুরদুয়ারে বন্ধ আটটি চা বাগান খুলে দিয়েছে। বাগিচা শ্রমিকদের দৈনিক মজুরি বৃদ্ধি করে ২৫০ টাকা করার পাশাপাশি বন্ধ বাগানে কর্মরত শ্রমিকদের বিনামূল্যে রেশন, পানীয় জল, বিদ্যুৎ এবং চিকিৎসা পরিষেবা দিচ্ছে বলেও মুখ্যমন্ত্রী জানান। তিনি বলেন, চা সুন্দরী প্রকল্পে জেলায় এখনও পর্যন্ত ২ হাজার ৯৬৯ টি পরিবারকে বাড়ি তৈরি করে দেওয়া ছাড়াও ১ হাজার ১২৭ জনকে জমির পাট্টা দেওয়া হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সেখানে রাজনৈতিক এবং উদ্দেশ্যপ্রণোদিত ভাবে মিথ্যা প্রচার করেছেন বলে উল্লেখ করেণ তিনি।

---------------------

রাজ্যের সাড়ে তিন হাজার স্কুল ও এক হাজার অঙ্গনওয়াড়ি কেন্দ্রে সৌরশক্তি ব্যবহার করে মিড-ডে মিল রান্নার পরিকল্পনা নিয়েছে রাজ্য সরকার। দমদম পার্কের একটি স্কুলে পরীক্ষামূলক ভাবে এই উদ্যোগ নেওয়া হয়। সেই সাফল্যের উপর ভিত্তি করেই রাজ্যের অন্যান্য স্কুলেও এই প্রকল্পটি হাতে নেওয়া হয়েছে বলে রাজ্যের অচিরাচরিত ও পূনর্ব্যবহার যোগ্য শক্তি দফতরের সচিব বরুণ কুমার রায় জানান। তিনি আরও জানান, আগামী দুই মাসের মধ্যে রাজ্যের খসড়া পূণর্ব্যবহারযোগ্য শক্তি নীতি প্রকাশ করা হবে। পাশাপাশি, কলকাতা পুরসভার রাস্তার আলোও ধাপে ধাপে

সৌরশক্তিচালিত করার পরিকল্পনা রয়েছে, যা পুরসভার বার্ষিক ৩৫০ কোটি টাকার বিদ্যুৎ খরচ অনেকটাই কমাতে সাহায্য করবে বলে মনে করা হচ্ছে।

--------------------

উত্তরবঙ্গের জেলাগুলিতে ভারি থেকে অতিভারি বর্ষণের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়ি, কোচবিহার ও আলিপুদুয়ারের দু-একটি স্থানে আজ বজ্রবিদ্যুত্‍ সহ বৃষ্টির পূর্বাভাস।

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বীরভূম, মুর্শিদাবাদ এবং দুই বর্ধমানে বিক্ষিপ্ত বৃষ্টির সম্ভাবনা রয়েছে। ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলেমিটার বেগে ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে।

--------------------

বর্ষা প্রবেশের আগেই সেচ ও জলপথ দফতর রাজ্য জুড়ে বন্যা মোকাবিলায় জোরদার প্রস্তুতি রেখেছে । সেচ মন্ত্রী মানস ভুঁইয়া গতকাল জানিয়েছেন যে রাজ্যের প্রায় ৪৩ শতাংশ এলাকাই বন্যাপ্রবণ। সেই বাস্তবতাকে মাথায় রেখে বর্ষার আগে ১৪৫ কোটি টাকার বেশি খরচ করে ১১৬টি ও জলাধার বাঁধ মেরামতির কাজ শুরু হয়েছে। পাশাপাশি বন্যাপ্রবণ এলাকায় কেন্দ্রীয় ও জেলা স্তরে নতুন বন্যা নিয়ন্ত্রণ কেন্দ্রও চালু হয়েছে। সেচ দফতর সূত্রে খবর, রাজ্যে মোট ১০ হাজার ৫৮৪ কিমি নদীবাঁধ রয়েছে। যার মধ্যে ১ হাজার ৫২৯ কিমি বাঁধ ইতিমধ্যেই ইট, কংক্রিট বা বোল্ডার দিয়ে সুরক্ষিত করা হয়েছে। ভেঙে যাওয়া ১৪২টি বাঁধের মেরামতির কাজ ইতমধ্যেই শেষ হয়েছে।

এদিকে, জলাধার থেকে হঠাত জল ছাড়ার কারণে যাতে বন্যা না হয়, সে বিষয়ে সিদ্ধান্ত নিতে ডিভিসি, DVRRC, সেচ দফতরের ইঞ্জিনিয়ার ও সচিবদের সঙ্গে গত ২৬শে এপ্রিল, মুখ্যসচিবের পৌরহিত্যে বৈঠক হয়েছে। জলসম্পদ ভবনে চালু হয়েছে

কেন্দ্রীয় বন্যা নিয়ন্ত্রণ কক্ষ। ১৯৮টি বন্যাপ্রবণ ব্লকে তৈরি করা হয়েছে কুইক রেসপন্স টিম।

রাজ্য সরকারের অনুরোধ মেনে বাঁধগুলি থেকে একসঙ্গে ৫০ হাজার কিউসেক এর বেশি জল জল না ছাড়ার চেষ্টা করা হবে বলে দামোদর ভ্যালি কর্পোরেশন ডিভিসি জানিয়েছে। ডিভিসির চেয়ারম্যান সুদেশ কুমার আজ জানিয়েছেন, সঠিকভাবে পলি উত্তোলন না করায় ডিভিসির নিয়ন্ত্রণে থাকা চারটি বাঁধের জল ধারণ ক্ষমতা ৩৪-৩৬ শতাংশ কমে গিয়েছে। বর্ষা চলে যাওয়ার পর নতুন করে পলি তোলার কাজে জোর দেওয়া হবে বলে তিনি জানান।

--------------------

শিলিগুড়ির কুমারটুলি প্রাথমিক বিদ্যালয় মাঠে পুরুষ ও মহিলাদের তিন দিনের দৃষ্টি প্রতিবন্ধীদের ফুটবলে পুরুষ বিভাগে নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশন, নবদ্বীপের আচার্য প্রফুল্ল চন্দ্র ব্লাইন্ড স্কুলকে হারিয়ে চ্যাম্পিয়ন হয়েছে।

মহিলা বিভাগে ভীমগড় স্নেহাশ্রম দৃষ্টিহীন বিদ্যালয়, শিলিগুড়ির প্রেরনা ইনস্টিটিউট কে পরাজিত করে খেতাব জয় করেছে। পুরুষ বিভাগে মুসাদ্দিক সিপাই এবং মহিলা বিভাগে অন্বেষা রায় প্রতিযোগিতায় সেরা খেলোয়াড় নির্বাচিত হয়েছেন।

-------------------- --------------------